

# আজকাল

www.aajkaal.in

শিলিগুড়ি ২ অগ্রহায়ণ ১৪২২ বৃহস্পতিবার ১৯ নভেম্বর ২০১৫

৩ টাকা ● ১২ পাতা

## সভাধিপতিকে সংবর্ধনা

আজকালের প্রতিবেদন:  
শিলিগুড়ি, ১৮ নভেম্বর—  
শিলিগুড়ি মহকুমা পরিষদের নব  
নির্বাচিত সভাধিপতি তাপস  
সরকারকে সংবর্ধনা জানালো  
উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন  
ছাত্র তথা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী  
সমিতির সদস্যরা। অধ্যাপক  
তাপস সরকার নিজে  
বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী সমিতির  
কার্যকরী সমিতির সদস্য। বুধবার  
সকালে মহকুমা পরিষদে  
সভাধিপতির সঙ্গে দেখা করে  
সমিতির সম্পাদক ড: তাপস  
চ্যাটার্জি নব নির্বাচিত  
সভাধিপতিকে সংবর্ধিত করেন।  
নতুন সভাধিপতি তারা বলেন,  
শিলিগুড়ি মহকুমার বিভিন্ন  
জায়গায় প্রচুর মানব সম্পদ  
লুকিয়ে আছে। সেগুলোকে

উদ্ধারের পাশাপাশি মানুষের  
দৈন্যন্দির কাজে ব্যবহৃত পরিষেবা  
যাতে ঠিকঠাক দেওয়া যায় তার  
আর্জি জানান। ড: তাপস চ্যাটার্জি  
জানিয়েছেন, উত্তরবঙ্গ  
বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী সমিতির  
সদস্য সংখ্যা বর্তমানে প্রায় ৩  
হাজার পেড়িয়ে গেছে। যাদের  
প্রায় সবাই বর্তমানে প্রতিষ্ঠিত।  
অধ্যাপক তাপস সরকারের  
তত্ত্বাবধানে শিলিগুড়ি মহকুমা  
পরিষদ এলাকায় শিক্ষা, স্বাস্থ্য,  
সংস্কৃতি, ক্রীড়া তথা গ্রাম উন্নয়নের  
গতিকে এগিয়ে নিয়ে যায় সেই  
আশাই করছি। এদিন  
সভাধিপতিকে সংবর্ধনা জানাতে  
গিয়েছিলেন অধ্যাপক মলয়  
করঞ্জাই, অধ্যাপিকা অপরাজীতা  
ভট্টাচার্য, প্রধান শিক্ষক স্বপনেন্দু  
নন্দী সহ অনেকেই।

# উত্তরবঙ্গ সংবাদ

লিগুড়ি ২ অগ্রহায়ণ, ১৪২২ বৃহস্পতিবার ৩.০০ টাকা 19 November 2015 Thursday 12 Pages Rs. 3.00 ইনটারনেট সংস্করণ : <http://www.uttarbangasambad.com>

সংবর্ধনা প্রাক্তনীদেব : উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী সমিতি বুধবার শিলিগুড়ি মহকুমা পরিষদের নয়া সভাধিপতি অধ্যাপক তাপস সরকারকে সংবর্ধনা জানাল। এদিন সমিতির পক্ষে ফজলুর রহমানের নেতৃত্বে প্রাক্তনীদেব একটি দল মহকুমা পরিষদে এসে প্রাক্তনী সমিতির কার্যকরী সদস্য তথা সভাধিপতিকে সংবর্ধনা জানান এবং মহকুমা পরিষদ এলাকাতে শিক্ষা, স্বাস্থ্য, সংস্কৃতি, ক্রীড়া তথা গ্রামীণ এলাকার উন্নতির জন্য সভাধিপতির সহযোগিতা চান। তাপসবাবু সবরকম সহযোগিতার আশ্বাস দিয়েছেন। এদিন সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তনী সমিতির তরফে অভিশংকর মহালনবিশ, অতনু চৌধুরি, মলয় করঞ্জাই, অপরাজিতা ভট্টাচার্য প্রমুখ।



# গণশক্তি

১৯শে নভেম্বর | বৃহস্পতিবার | ২০১৫

## শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতিকে সংবর্ধনা

নিজস্ব সংবাদদাতা : শিলিগুড়ি, ১৮ই নভেম্বর— উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী সমিতির পক্ষ থেকে বুধবার শিলিগুড়ি মহকুমা পরিষদের নব নির্বাচিত সভাধিপতি অধ্যাপক তাপস সরকারকে সংবর্ধনা দেওয়া হয়। সভাধিপতি তাপস সরকার উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র ও প্রাক্তনী সমিতির কার্যকরী সদস্য। সমিতির সম্পাদক ড.তাপস চট্টোপাধ্যায় তাঁকে সংবর্ধনা জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী সমিতির সদস্য সংখ্যা বর্তমানে প্রায় ৩হাজার ছাড়িয়ে গেছে। প্রাক্তনীর উত্তরবঙ্গ তথা দেশ-বিদেশের বিভিন্ন সংস্থায় গুরুত্বপূর্ণ পদে প্রতিষ্ঠিত।

শিলিগুড়ি মহকুমার গ্রামাঞ্চলের স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি, ক্রীড়া তথা গ্রামের উন্নয়নকে এগিয়ে নিয়ে যেতে প্রাক্তনী সাংসদ নবনির্বাচিত সভাধিপতি অধ্যাপক তাপস সরকারকে সর্বকম সহযোগিতা করার আশ্বাস দেন তিনি। সভাধিপতি বলেন, মানুষের পরামর্শ নিয়েই উন্নয়নের কাজ করতে হবে। উপস্থিত ছিলেন সমিতির কোষাধ্যক্ষ ফজলুর রহমান, অধ্যাপক মলয় করঞ্জাই, অধ্যাপিকা অপরাজিতা ভট্টাচার্য, অভিষেক মহালনবীশ, অতনু চৌধুরি, স্বপনেন্দু নন্দী, অমর সাহা, অধ্যাপক নিরঞ্জন পাল, শুল্লা সরকার প্রমুখ।

# दैनिक जागरण

महकमा सभाधिपति का अभिनंदन

सिलीगुड़ी : सिलीगुड़ी महकमा परिषद के नवनिर्वाचित सभाधिपति प्रोफेसर तापस सरकार का बुधवार को उत्तर बंगाल विश्वविद्यालय प्रातनी (पूर्व विद्यार्थी) समिति की ओर से अभिनंदन किया गया। समिति सदस्यों ने महकमा परिषद जा कर अपनी समिति के कार्यकारी सदस्य प्रोफेसर तापस सरकार जो अब महकमा सभाधिपति हो गए हैं, का अभिनंदन किया। इस अवसर पर उत्तर बंगाल विश्वविद्यालय प्रातनी समिति के सचिव डॉ. तापस चटर्जी, कोषाध्यक्ष फजलुर्रहमान, अभिशंकर महालनवीश, अतनु चौधरी, अमर साहा, प्रोफेसर मलय करणजई, अपराजिता भट्टाचार्य, स्वपनेंदू नंदी, निरंजन पाल, शुक्ला सरकार व अन्य कई मौजूद रहे।